# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 11-06-2025** **Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) দোকান বসানোকে কেন্দ্র করে দুই গোষ্ঠীর মধ্যে দফায় দফায় সংঘর্ষে দক্ষিণ ২৪ পরগণার মহেশতলার রবীন্দ্রনগর এলাকায় আজ পরিস্থিতি অগ্নিগর্ভ।

২) বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারির বিরুদ্ধে আনা স্বাধিকার ভঙ্গের নোটিশ এবং তৃণমূল নেতা অনুব্রত মন্ডলকে গ্রেপ্তারের দাবিকে কেন্দ্র করে রাজ্য বিধানসভার অধিবেশন আজ উত্তপ্ত হয়ে ওঠে।

৩) রাজ্যে স্মার্ট মিটার বসানো হবে না বলে বিদ্যুত্ মন্ত্রী অরূপ বিশ্বাস জানিয়েছেন। ভাঙন রোধ, জল প্রকল্প ও আন্তঃদেশীয় নদী সমস্যায় কেন্দ্রীয় সরকার, রাজ্যকে বঞ্চনা করছে বলে সেচ ও জলপথ মন্ত্রী অভিযোগ করেছেন।

৪) কলকাতার গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড, গবেষণার কাজে ব্যবহারযোগ্য জাহাজ নির্মাণে জিএসআই-এর সঙ্গে একটি চুক্তি স্বাক্ষর করেছে।

৫) চিরাচরিত ধর্মীয় রীতি মেনে আজ জগন্নাথ দেবের স্নানযাত্রা অনুষ্ঠিত হচ্ছে।

৬) অনুকুল পরিবেশ তৈরি হওয়ায় এমাসের ১৬ তারিখের মধ্যে দক্ষিণবঙ্গে বর্ষা প্রবেশের সম্ভাবনা।

---

দোকান বসানোকে কেন্দ্র করে দুই গোষ্ঠীর মধ্যে দফায় দফায় সংঘর্ষে আজ দক্ষিণ ২৪ পরগণার মহেশতলার রবীন্দ্রনগর এলাকা অগ্নিগর্ভ হয়ে ওঠে। ভাঙচুর চলে একাধিক দোকানে। অগ্নি সংযোগ করা হয় বেশ কয়েকটি মোটর বাইকে। উত্তেজিত জনতাকে নিয়ন্ত্রণে আনতে গেলে পুলিশকে লক্ষ্য করে ছোড়া হয় ইট-পাথর। কয়েকটি বাড়ির ছাদ থেকেও পাথর ছোড়ার অভিযোগ উঠেছে। গোলমাল ছড়িয়ে পড়ে বজবজ, গোবিন্দনগর এবং মেটিয়াবুরুজের একাধিক এলাকায়। আগুন ধরিয়ে দেওয়া হয় পুলিশের গাড়িতেও। পরিস্থিতি মোকাবিলায় কাঁদানে গ্যাসের শেল ছোড়ে পুলিশ। দফায় দফায় সংঘর্ষে একাধিক পুলিশ কর্মী আহত হয়েছেন বলে জানা গেছে। আহত হয়ে ডিসি পোর্ট, মেটিয়াবুরুজের একটি হাসপাতালে চিকিৎসাধীন। পরিস্থিতি মোকাবিলায় নামানো হয়েছে রাফ। পুলিশের শীর্ষ স্তরের আধিকারিকরা ঘটনাস্থলে রয়েছেন। পরিস্থিতি এখন কিছুটা স্বাভাবিকের পথে। রবীন্দ্রনগর এলাকায় জারি হয়েছে ন্যায় সংহিতার ১৬৩ ধারা।

---------------------

মহেশতলা ঘটনার প্রতিবাদে আগামীকাল বিধানসভা অচল করে দেওয়া হবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি হুঁশিয়ারি দিয়েছেন। আজ দলের শীর্ষ নেতৃত্বকে সঙ্গে নিয়ে তিনি ভবানীভবনে রাজ্য পুলিশের ডিজির সঙ্গে দেখা করতে গেলে পুলিশ বাধা দেয়। শুভেন্দু বাবু বলেন, কিছু দুর্বৃত্ত মন্দির কমিটির জমি অবৈধভাবে দখল করে দোকান বসাতে চেয়েছিল। রবীন্দ্রনগর থানার সামনে ভাঙচুর চললেও পুলিশ বাধা দিতে পারেনি বলে তিনি অভিযোগ করেন। তিনি অবিলম্বে আধা সেনা মোতায়েনের দাবি জানান।

বাইট

এদিকে, দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ এক্স হ্যান্ডেলে অভিযোগ করেন, পুলিশ আক্রমণকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার পরিবর্তে অত্যাচারিত হিন্দুদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছে। রাজ্য সরকারের নির্লজ্জ তোষণের কারণেই এই ধরনের ঘটনা বারবার ঘটছে বলে তিনি অভিযোগ করেন। তিনি নিজেদের অস্তিত্ব রক্ষার জন্য রাজ্যের হিন্দুদের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।

---------------------

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে আনা স্বাধীকার ভঙ্গের নোটিশ এবং এসএসডিএ-র চেয়ারম্যান অনুব্রত মন্ডলকে গ্রেফতারের দাবিকে কেন্দ্র করে রাজ্য বিধানসভার অধিবেশন আজ উত্তপ্ত হয়ে উঠে। শোভন দেব চট্টোপাধ্যায়, চন্দ্রিমা ভট্টাচার্য, অরূপ বিশ্বাসের আনা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে স্বাধিকার ভঙ্গের নোটিশের প্রেক্ষিতে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় তদন্তের নির্দেশ দিলে বিজেপি প্রতিবাদ করে। শঙ্কর ঘোষের নেতৃত্বে বিজেপি পরিষদীয় দলের সদস্যরা বিক্ষোভ দেখাতে শুরু করেন।

উল্লেখ্য, মুখ্যমন্ত্রীর বক্তব্যকে বিকৃত করে বিরোধী দলনেতা প্রচার করছেন বলে অভিযোগ তুলে গতকাল অধ্যক্ষের কাছে তৃণমূল কংগ্রেসের তরফে ওই স্বাধিকার ভঙ্গের নোটিশ জমা পড়ে।

এদিকে, পুলিশ অধিকারিকের নিকট আত্মীয়াদের সম্পর্কে কদর্য ভাষা প্রয়োগের প্রতিবাদে বিজেপি অনুব্রত মণ্ডলকে গ্রেপ্তারের দাবি জানিয়েছে। এই কুমন্তব্যের বিরুদ্ধে বিজেপি পরিষদীয় দল আজ বিধানসভায় আলোচনার জন্য মুলতবি প্রস্তাব আনলে অধ্যক্ষ তা খারিজ করে দেন। এর প্রতিবাদে বিজেপি পরিষদীয় দলের সদস্যরা অধিবেশন থেকে ওয়াক আউট করে বাইরে এসে বিক্ষোভ দেখায়।

----------------------

রাজ্যে স্মার্ট মিটার বসানো হবে না বলে রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী অরূপ বিশ্বাস জানিয়েছেন। বিধানসভায় আজ এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, কেন্দ্রীয় সরকার স্মার্ট মিটার বাধ্যতামূলক করতে চাইলেও রাজ্যের মুখ্যমন্ত্রী তা করতে দেবেন না। রাজ্যে কোনভাবেই স্মার্ট মিটার বসানো হবে না বলে তিনি আশ্বাস দিয়েছেন। যে সব স্মার্ট মিটার ইতোমধ্যেই লাগানো হয়েছে, সেগুলি পোস্ট পেইড হিসেবে আগের নিয়মে কাজ করবে বলেও জানিয়েছেন অরুপ বাবু। ইনস্টলেশন এর তিন মাস পর থেকে সাধারণ মিটার হিসাবে সেগুলিকে গণ্য করা হবে।

কাটমানি নিয়ে তৃনমূল কংগ্রেস স্মার্ট মিটারের বরাত দিয়েছে বলে বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন।

বাইট

----------------------

ভাঙন রোধ, জল প্রকল্প ও আন্তঃদেশীয় নদী সমস্যায় কেন্দ্রীয় সরকার রাজ্যকে বঞ্চনা করছে বলে সেচ ও জলপথ মন্ত্রী মানস ভুঁইয়া অভিযোগ করেছেন। মন্ত্রী জানান, ২০২৪ সালের জুলাই মাসে রাজ্যের পাওনা আদায়ের লক্ষ্যে সমস্ত দলের এক প্রতিনিধি দল গঠনের প্রস্তাব থাকলেও সেই উদ্যোগ বাস্তবায়িত হয়নি। গঙ্গা ও পদ্মা নদীর ভাঙন রোধে একাধিক প্রকল্প নেওয়া হলেও কেন্দ্র ২০১৩-১৪ থেকে ২০১৫-১৬ অর্থবর্ষে কোন অর্থ দেয়নি। ছয়টি প্রকল্পের জন্য কেন্দ্রের কাছে প্রায় সাড়ে চার হাজার কোটি টাকার পরিকল্পনা পাঠানো হলেও এখনও পর্যন্ত কোন অর্থ আসেনি। অন্যদিকে ঘাটাল মাস্টারপ্ল্যানেও কেন্দ্রের তরফে সহযোগিতা না এলেও রাজ্য বাজেটে ১৫০০

কোটি টাকা বরাদ্দ হয়েছে। ৫০০ কোটি ইতিমধ্যেই দেওয়া হয়েছে এবং কাজ শুরু হয়েছে বলেও সেচ মন্ত্রী বিধানসভায় জানিয়েছেন।

উত্তরবঙ্গের মালদা, দক্ষিনবঙ্গের মুর্শিদাবাদ ও নদিয়া জেলায় এখনও পর্যন্ত ২৫ হাজার ৬৫২ বিঘা জমি নদীগর্ভে চলে গেলেও ভাঙ্গন রোধে কেন্দ্রীয় সরকার কোন পদক্ষেপ গ্রহন করেনি বলে রাজ্য সরকার অভিযোগ করেছে। নদিয়া ও মুর্শিদাবাদ জেলার গঙ্গা ভাঙ্গন নিয়ে সেচ ও জলপথ এবং জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটির রিপোর্টের উপর আজ বিধানসভায় আলোচনা হয়। জবাবী ভাষনে সেচ মন্ত্রী মানস ভুঁইয়া বলেন, দক্ষিনবঙ্গের পাশাপাশি প্রতিবেশী রাজ্য ভূটান থেকে নেমে আসা নদীগুলি উত্তরবঙ্গকে ক্ষতিগ্রস্ত করলেও কেন্দ্রীয় সরকার যৌথ নদী কমিশন নিয়ে নীরব রয়েছে। ভাঙ্গনে ক্ষতিগ্রস্তদের জন্য কোন পূনর্বাসন প্যাকেজ না থাকায় ২০১১ সাল থেকে রাজ্য সরকার নিজ উদ্যোগে শুধু মালদাতেই দুই হাজার ৫৯৯ জনকে জমির পাট্টা দিয়েছে বলে তিনি জানিয়েছেন। আলোচনার শুরুতে বিজেপির অনুপ সাহা ভাঙ্গন প্রতিরোধে সেচ দপ্তর কেন বর্ষার মরসুমেই সক্রিয় হয়ে ওঠে সেই প্রশ্ন তোলেন। এই বিষয়ে উপযুক্ত পরিকল্পনা গ্রহনের দাবি জানান তিনি। আলোচনায় তৃনমূল কংগ্রেসের অপূর্ব সরকার, স্ট্যান্ডিং কমিটির সভাপতি সমীর জানা, বিজেপির আনন্দময় বর্মন, বিশ্বনাথ কারক অংশ নেনে।

---------------------

সেবা, সুশাসন এবং গরিব কল্যাণের নীতির উপর ভিত্তি করে আমাদের দেশে গত এক দশকে অসাধরণ পরিবর্তন ঘটেছে। মূল ক্ষেত্রগুলির উন্নয়নে সরকারের গত ১১ বছরে গৃহিত কর্মসূচির উপর আকাশবাণীর সংবাদ বিভাগ নিয়মিত আপনাদের জন্য বিশেষ অনুষ্ঠান প্রচার করছে। আজ আমরা ভারতের পরিবহন পরিকাঠামোর রূপান্তরের

উপর আলোকপাত করছি। এই নিয়ে আমাদের প্রতিনিধি কাশফিন নাহারের একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

উল্লেখিত এই মাইলফলকগুলি উৎপাদনশীলতা বাড়াচ্ছে, যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটাচ্ছে এবং ২০৪৭ সালের জন্য বিকশিত ভারতের ভিত্তি প্রস্তর স্থাপন করছে।

---------------------

কলকাতার গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড, গবেষণা জাহাজ নির্মাণে জিওলজিকাল সার্ভে অফ ইন্ডিয়ার সঙ্গে একটি চুক্তি স্বাক্ষর করেছে। এর আওতায় দুটি বিশেষ গবেষণা জাহাজ তৈরি করা হবে। ৪৫০ টনের বহন ক্ষমতা জাহাজগুলি অফশোর জিওলজিকাল ম্যাপিং, ড্রেজিং, সমুদ্র পর্যবেক্ষণ ও গবেষণার কাজে ব্যবহার করা হবে।

---------------------

চিরাচরিত ধর্মীয় রীতি মেনে আজ জগন্নাথ দেবের স্নান যাত্রা অনুষ্ঠিত হচ্ছে। স্নানযাত্রা উপলক্ষে পুরীর জগন্নাথ মন্দিরের পাশাপাশি এরাজ্যেও হুগলির মাহেশ, নদীয়ার মায়াপুর সহ বিভিন্ন মন্দিরে বহু ভক্ত সমাগম হয়েছে। মায়াপুরে ইস্কনের রাজাপুর জগন্নাথ মন্দিরে ভোরে মঙ্গলারতির পর চলে তুলসী আরতি।

কোচবিহারের ঐতিহ্যবাহী মদনমোহন মন্দিরে মদনমোহন দেবের স্নানযাত্রাও অনুষ্ঠিত হচ্ছে।

---------------------

অনুকূল পরিবেশ তৈরি হওয়ায় এমাসের ১৬ তারিখের মধ্যে দক্ষিণবঙ্গে বর্ষা প্রবেশ করার সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত। আগামীকাল থেকে রাজ্যের সব জেলাতেই বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা। এর জেরে বেশ কিছুটা কমতে পারে তাপমাত্রা। উত্তরবঙ্গের সবকটি জেলাতেই আগামীকাল বিক্ষিপ্ত ভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা।

বাইট

---------------------

ইডেনে আজ এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে দ্বিতীয় বৈঙ্গল প্রো টি টোয়েন্টি লিগ শুরু হয়েছে। পুরুষদের উদ্বোধনী ম্যাচে স্মাশার্স মালদা, মুর্শিদাবাদ কিংসের মুখোমুখি হয়েছে।

সল্টলেকের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাঠে আগামীকাল মহিলাদের লিগে মুর্শিদাবাদ কুইন্স, ডায়মন্ড হারবারের বিরুদ্ধে খেলবে। দুই বিভাগের ফাইনাল হবে ২৮ শে জুন।

--------------------- ---------------------